

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯০৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. তৃতীয় অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

### আরবী

عَن عُبَادَةَ

بْنِ كَثِيرِ الشَّامِيِّ مِنْ أَهْلِ فِلَسْطِينَ عَن امْرَأَةٍ مِنْهُمْ يُقَالُ لَهَا فَسِيلَةُ أَنَّهَا قَالَتْ: سَمِعْتُ أَبِي يَقُولُ: سَأَلَتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَمِنَ الْعَصَبِيَّةِ أَنْ يُخُبُ الرَّجُلُ قَوْمَهُ عَلَى الظُّلْمِ» أَنْ يُحْبَ الرَّجُلُ قَوْمَهُ عَلَى الظُّلْمِ» . رَوَاهُ أَحْمَدُ وَابْنُ مَاجَهُ

#### বাংলা

৪৯০৯-[১৭] (ফিলিন্ডিনী অধিবাসী) 'উবাদাহ্ ইবনু কাসীর আশ্ শামী (রহিমাহুল্লাহ) বর্ণিত। তিনি স্বীয় গোত্রের 'ফাসীলাহ্' নামণী এক মহিলার নিকট থেকে বর্ণনা করেন। ফাসীলাহ্ বলেন, আমি আমার পিতাকে বলতে শুনেছি, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সমীপে জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রসূল! কোন ব্যক্তির নিজের গোত্রকে ভালোবাসা কি 'আসাবিয়্যাতের অন্তর্ভুক্ত? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না; বরং 'আসাবিয়্যাত হলো কোন ব্যক্তির নিজের গোত্রকে যুলমে সাহায্য করা। (আহমাদ ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ১৬৯৮৯, ১৭৮৭২; ইবনু মাজাহ ৩৯৪৯, ইবনু আবূ শায়বাহ্ ৩৭৩৭৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৮৩৯০।

হাদীরটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "ফাসীলাহ্" নামের বর্ণনাকারীকে চেনা যায় না । দেখুন- গয়াতুল মারাম হাঃ ৩০৫, পৃঃ ১৮৭।

#### ব্যাখ্যা



ব্যাখ্যাঃ (أَنْ يَنْصُرُ الرَّجُلُ قَوْمَهُ عَلَى الظُّلْمِ) মানুষকে অন্যায় কাজে সহযোগিতা করা আর নিজে অন্যায় করা সমান কথা। বরং এটা আরো মারাত্মক। ঠিক 'আসাবিয়্যাতের বিষয়টিও এরপ। নিজে পাপী জাতির নিকট ভালো হওয়ার জন্য তাদেরকে অন্যায় কাজে সহযোগিতা করাই হলো 'আসাবিয়্যাহ্। যিনি সমাজে 'আসাবিয়্যাতকে জিইয়ে রাখেন তিনি মূলত সমাজে ইবলীসের ভূমিকা পালন করেন। কাজেই জাতিকে জুলুম-অন্যায়ের উপর সাহায্য-সহযোগিতা থেকে সাবধান থাকুন। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদাহ ইবনু কাসীর আশ্ শামী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন